# শিক্ষার্থী উপবৃত্তি গাইডলাইন

## ASSET প্রকল্প
## কারিগরি শিক্ষা অধিদপ্তর
### কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
## শিক্ষা মন্ত্রণালয়

# সূচিপত্র

১। উপবৃত্তি কার্যক্রমের পটভূমি: ....... ৩

২। উপবৃত্তি কার্যক্রমের উদ্দেশ্য: ....... ৩

৩। উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলী: ....... ৪

৪। উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রাপ্তির যোগ্য প্রতিষ্ঠানসমূহ : ....... ৪

৫। উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তার হার: ....... ৪

৬। উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা: ....... ৪

৭। ছাত্র (৭০%) নির্বাচনের পদ্ধতি: ....... ৪

৮। ছাত্র-ছাত্রী নির্বাচন কমিটি: ....... ৫

৯। আবেদনকারী শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ ও ভ্যালিডেশন: ....... ৫

১০। কেন্দ্রীয় কারিগরি বিশেষজ্ঞ কমিটি ....... 6

১১। বিবিধ ....... ৬

উপবৃত্তির জন্য আবেদন ফরম (SAF) ....... ৭

শিক্ষার্থী মনিটরিং ফরম ....... ৯

## ১। উপবৃত্তি কার্যক্রমের পটভূমি:

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ বাংলাদেশের মানবসম্পদ উন্নয়ন এবং এর যথার্থ ব্যবহারের জন্য অপরিহার্য। জাতীয় শিক্ষা নীতিতে শিক্ষার্থীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদে রূপান্তর করার ক্ষেত্রে বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। দক্ষ ও কর্মক্ষম জনশক্তি গড়ার লক্ষ্যে সরকার উত্তরোত্তর কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন "স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট (STEP)" প্রজেক্ট-এর আওতায় প্রতি মাসে ৮০০/- টাকা হারে প্রতি পর্বে (ছয় মাস) ৪৮০০/- টাকা বিগত জানুয়ারি-জুন, ২০১১ থেকে জুলাই-ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত নির্বাচিত ১৬২ টি সরকারি-বেসরকারি ডিপ্লোমা স্তরের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণের কমপক্ষে ৫০% ভাগ পুরুষ শিক্ষার্থী এবং ১০০% ভাগ মহিলা শিক্ষার্থীগণ -কে উপবৃত্তি প্রদান করা হয়েছে।

উপবৃত্তির ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে নিয়মিতভাবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের রাজস্ব বাজেট থেকে **উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা** কার্যক্রম **নিম্নবর্ণিতভাবে** বিভিন্ন ধরণের প্রতিষ্ঠানে চলমান রয়েছে:

১. উচ্চ মাধ্যমিক পর্যায়ের চার বছর মেয়াদী ডিপ্লোমা ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স এর জন্য মাসিক ৫০০/- টাকা হারে উপবৃত্তি প্রদান করা হবে।
২. মাধ্যমিক পর্যায়ের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের জন্য মাসিক ৩০০/- টাকা হারে উপবৃত্তি প্রদান করা হবে।
৩. ৮ম শ্রেণী (ভোকেশনাল) শ্রেণীর জন্য মাসিক ২৮৫/- টাকা হারে উপবৃত্তি প্রদান করা হবে।
৪. ৬ষ্ঠ শ্রেণী এবং ৭ম শ্রেণী (ভোকেশনাল) শ্রেণীর জন্য মাসিক ২৩৫/- টাকা হারে উপবৃত্তি প্রদান করা হবে।
৫. এইচএসসি (ভোকেশনাল) কোর্সের শিক্ষার্থীদের বই ক্রয়ে সহায়তা বাবদ বার্ষিক ১০০০/- টাকা এবং চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীদের প্রতি সেমিস্টারে ১০০০/- টাকা প্রদান করা হয়।

ASSET প্রকল্পের ডিপিপি ও অপারেশন ম্যানুয়ালে Institutional Development Grant (IDG) এর আওতায় মেডিকেল ডিপ্লোমা স্তরের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের সুযোগ রয়েছে। IDG অপারেশন ম্যানুয়াল এ বৃত্তির পরিমাণ ও বৃত্তি প্রদানের প্রক্রিয়া কারিগরি শিক্ষা অধিদপ্তরের চলমান নীতিমালা অনুযায়ী হবে বলে নির্ধারণ করা আছে। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের সভাপতিত্বে গঠিত ASSET প্রকল্পের আওতায় ইনস্টিটিউশনাল গ্র্যান্ট প্রদান সংক্রান্ত Institutional Development Grant Board (IDG Board) এর ২য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-৮ **"মেডিকেল ডিপ্লোমা লেভেল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বৃত্তির পরিমাণ ও বৃত্তি প্রদানের প্রক্রিয়া কারিগরি শিক্ষা অধিদপ্তরে সর্বশেষ নীতিমালা অনুসরণ সাপেক্ষে এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে পর্যালোচনা করে প্রকল্প দপ্তর এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নিবে"** মোতাবেক এ উপবৃত্তি কার্যক্রম নির্দেশিকা প্রণয়ন করা হলো।

## ২। উপবৃত্তি কার্যক্রমের উদ্দেশ্য:

(ক) দরিদ্র ও অনগ্রসর শিক্ষার্থীদের আর্থিক প্রণোদনার মাধ্যমে TVET (TVET stands for Technical and Vocational Education and Training. It is an educational and skill development approach that focuses on providing individuals with practical skills, knowledge, and competencies related to specific trades, crafts, and professions) শিক্ষা গ্রহণে উৎসাহিত করা;

(খ) শিক্ষার্থীদের অধিক হারে উপস্থিতি ও ভাল ফলাফল নিশ্চিত করে TVET-এর গুণগত মান বৃদ্ধি করা;

(গ) উপবৃত্তি প্রদানের মাধ্যমে TVET শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি করা;

(ঘ) ভর্তিকৃত শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ করা;

(ঙ) আর্থিক প্রণোদনার মাধ্যমে দরিদ্র ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জন্য শিক্ষার সুযোগ বৃদ্ধি করা;

(চ) TVET-এ নারীদের অধিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ;

(ছ) নারী শিক্ষার্থীদের বাল্যবিবাহ রোধ করে নারীর ক্ষমতায়ন বৃদ্ধিতে সহায়তা করা;

**৩। উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলী:**

(ক) নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;

নিয়মিত শিক্ষার্থী হিসেবে তারাই গণ্য হবে যারা প্রবিধান অনুযায়ী নিয়মিতভাবে ক্লাস করে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এছাড়া **পুনঃ**ভর্তি হওয়া শিক্ষার্থী পরবর্তী শিক্ষাবর্ষ/সেমিস্টারে ভর্তি হলেও নিয়মিত হিসেবে গণ্য হবে;

(খ) শিক্ষাবর্ষ/সেমিস্টারে অনুষ্ঠিত মোট ক্লাসের ৮০% ক্লাসে উপস্থিতি থাকতে হবে;

(গ) অব্যবহিত পূর্ববর্তী বর্ষে/পর্বে সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি যোগ্যতায় উল্লিখিত সর্বশেষ পরীক্ষার ফলাফল বিবেচনা করতে হবে;

(ঘ) অভিভাবকের মাসিক আয় অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে।

**৪। উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রাপ্তির যোগ্য প্রতিষ্ঠানসমূহ :**

৪.১ ASSET প্রকল্পের আওতায় নির্বাচিত মেডিকেল বা অন্যান্য ডিপ্লোমা প্রতিষ্ঠান যেগুলোর শিক্ষার্থীরা সরকারি অন্য কোন উপবৃত্তি প্রাপ্ত হয় না;

**৫। উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তার হার:**

১. চার বছর মেয়াদি ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীর উপবৃত্তির হার মাসিক ৫০০ (পাঁচশত) টাকা;
২. শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা বাবদ চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীর প্রতি বছরে ১০০০ (এক হাজার) টাকা;
৩. সরকার কর্তৃক প্রদেয় অন্যান্য সুবিধা;
৪. প্রথম ৬ (ছয়) মাসে উপবৃত্তি ও শিক্ষা উপকরণ সহায়তা বাবদ (৬×৫০০+১০০০=৪০০০) টাকা এবং পরবর্তী ৬ (ছয়) মাসে (৬×৫০০=৩০০০) টাকা বণ্টন করা হবে । তবে বিশেষ পরিস্থিতিতে ১২ মাসের (১২ মাসে ১২×৫০০+১০০০=৭০০০) টাকা উপবৃত্তি ও শিক্ষা উপকরণ সহায়তা বাবদ বণ্টন করা যাবে।

**৬। উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা:**

(ক) অনুচ্ছেদ ৩এর শর্তপূরণ সাপেক্ষে ভর্তিকৃত ১০০% ছাত্রী ও প্রতিবন্ধী শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হবে;

(খ) ভর্তিকৃত ছাত্রদের মধ্যে ৭০% ছাত্রকে (নির্দিষ্ট মানদণ্ডে নির্বাচিত) উপবৃত্তি প্রদান করা হবে;

(গ) ভর্তিকৃত কোন শিক্ষার্থীকে মেধাবৃত্তি/ অন্য কোন উপবৃত্তি প্রদান করা হলে তাকে এই গাইডলাইনের আওতায় উপবৃত্তি প্রদান করা হবে না।

৭। ছাত্র (৭০%) নির্বাচনের পদ্ধতি:

(ক) ৩ নং অনুচ্ছেদে বর্ণিত সাধারণ শর্তাবলী পূরণকারী ভর্তিকৃত ছাত্রদের পরীক্ষার ফলাফল এবং ক্লাসে উপস্থিতির হারের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী নির্বাচন কমিটি ৭০% ছাত্র নির্বাচন করবে;ছাত্র-ছাত্রী নির্বাচনের সঠিকতার জন্য উক্ত কমিটি তথা প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে দায়ী থাকবে;

(খ) ভর্তিকৃত সকল ছাত্রী ও প্রতিবন্ধী ছাত্র উপবৃত্তি প্রাপ্ত হবে (শর্তপূরণ সাপেক্ষে)বিধায় তাদের বাদ দিয়ে অবশিষ্ট ছাত্রদের মধ্য হতে ৭০% ছাত্র নির্বাচন করা হবে;

উদাহরণস্বরূপ কোন প্রতিষ্ঠানের মোট শিক্ষার্থী ১০০০ জন হলে এবং ছাত্রী ও প্রতিবন্ধী শিক্ষার্থীর মোট সংখ্যা ২০০ জন হলে বাকি ৮০০ জন (১০০০-২০০=৮০০) শিক্ষার্থীর মধ্য হতে ৭০% ছাত্র নির্বাচন করা হবে;

(গ) যদি ফলাফল ও হাজিরার ভিত্তিতে মোট ছাত্র সংখ্যার ৭০% এর অধিক উপযুক্ত ছাত্র পাওয়া যায় তবে ছাত্র নির্বাচনে দরিদ্র ও সুবিধাবঞ্চিত, ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং মুক্তিযোদ্ধার পোষ্য শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করে অবশিষ্ট শিক্ষার্থীদের মধ্যে হতে ফলাফল ও হাজিরার ভিত্তিতে নির্বাচন করতে হবে।

**৮। ছাত্র-ছাত্রী নির্বাচন কমিটি:**
ছাত্র-ছাত্রী নির্বাচনের জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হবে।

**সরকারি প্রতিষ্ঠান:**

| ক্রমিক | কমিটির সদস্যবৃন্দ | পদবি |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | বিভাগীয় প্রধান/কোর্স কোর্ডিনেটর | সদস্য-১ |
| ৩ | বিভাগীয় প্রধান/কোর্স কোর্ডিনেটর | সদস্য-২ |

**বেসরকারি প্রতিষ্ঠান:**

| ক্রমিক | কমিটির সদস্যবৃন্দ | পদবি |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠান প্রধান | চেয়ারম্যান |
| ২ | নির্বাচিত শিক্ষক প্রতিনিধি-১ | সদস্য |
| ৩ | নিকটবর্তি সরকারি নার্সিংইনস্টিটিউট/পলিটেকনিক ইনস্টিটিউট/ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি | সদস্য |
| ৪ | নির্বাচিত শিক্ষক প্রতিনিধি-২ | সদস্য সচিব |

**কর্ম পরিধি:** শিক্ষার্থী নির্বাচন কমিটি আবেদনগুলো যাচাই-বাছাইপূর্বক উপবৃত্তির জন্য যোগ্য শিক্ষার্থীদের একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন।

৯। আবেদনকারী শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ ও ভ্যালিডেশন:
(ক) উপবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থী নির্ধারিত উপবৃত্তি আবেদন ফরম (পরিশিষ্ট-ক) পূরণ করবে (অনলাইন/হার্ডকপি) এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান প্রধান বরাবর দাখিল করবে;

(খ) আবেদন ফরম দাখিলের পূর্বমুহূর্তে প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানে প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা নিবেন এবং শ্রেণী শিক্ষক দ্বারা প্রতিটি শ্রেণীর শিক্ষার্থীদের আবেদন দাখিলের সময়সূচি অবহিত করবেন;

(গ) প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নির্বাচন কমিটি আবেদনগুলো যাচাই-বাছাইপূর্বক উপবৃত্তির জন্য যোগ্য শিক্ষার্থীদের একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করে অনুমোদন করবে এবং তা যথারীতি সংরক্ষণ করবে;

(ঘ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাথমিকভাবে অনুমোদিত তালিকা ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় কমিটিতে চূড়ান্ত অনুমোদনের জন্য নির্ধারিত ফরমেটে তথ্য প্রেরণ করবে;

(ঙ) ASSET প্রকল্প কারিগরি শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় কমিটি সুপারিশকৃত উপবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তভাবে অনুমোদন করবে এবং চূড়ান্তভাবে অনুমোদন প্রাপ্ত শিক্ষার্থীরা উপবৃত্তি প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে;

(ঞ) চূড়ান্ত অনুমোদনকৃত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের সকল পেমেন্ট ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিসের (ব্যাংক/মোবাইল ব্যাংকিং) মাধ্যমে সরাসরি প্রেরণ করা হবে;

(ট) উপবৃত্তির সকল তথ্যের স্বত্বাধিকার ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত থাকবে।

১০। কেন্দ্রীয় কারিগরি বিশেষজ্ঞ কমিটি

কারিগরি শিক্ষা অধিদপ্তরে একটি কেন্দ্রীয় কমিটি থাকবে। কেন্দ্রীয় কমিটি নিম্নরূপ হবে:

| ক্র নং | কমিটি | পদবি |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| ২. | অতিরিক্ত প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৩. | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা | সদস্য |
| ৪. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি, উপবৃত্তি শাখা, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক-০৭ (প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এবং গবেষণা), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬. | প্রোগ্রামার, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | উপপ্রকল্প পরিচালক, IDG শাখা, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

**কেন্দ্রীয় কমিটির কর্মপরিধি:**

১. ছাত্র-ছাত্রী নির্বাচন কমিটি কর্তৃক প্রেরিত উপবৃত্তির তালিকা চূড়ান্তকরণ;
২. উপবৃত্তির জন্য অর্থ ছাড়করণের জন্য প্রস্তুতি গ্রহণ;
৩. প্রতিটি পেমেন্ট পর্ব সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে উপবৃত্তি কার্যক্রমের সার্বিক বিষয়াদি মূল্যায়ন;
৪. প্রয়োজনে উপবৃত্তি কার্যক্রম গাইড লাইন সংশোধন;
৫. উপবৃত্তি কার্যক্রম মনিটরিং; এবং
৬. বিবিধ

১১। বিবিধ

(ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয় কর্তৃক উপবৃত্তি সংক্রান্ত সর্বশেষ প্রজ্ঞাপনের আলোকে এই গাইডলাইন প্রণয়ন করা হয়েছে। ভবিষ্যতে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত এ সংক্রান্ত বিধি-বিধানের আলোকে এ গাইডলাইন পরিমার্জন করা যাবে;

(খ) এই নির্দেশিকায় উল্লেখিত বা উল্লেখ করা হয়নি এমন বিষয়ের ব্যাখ্যা প্রদানের ক্ষমতা ASSET প্রকল্প সংরক্ষণ করবে।

কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা র্কাযক্রম
কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**উপবৃত্তির জন্য আবেদন ফরম (SAF)**

| | | | |
|---|---|---|---|
| **আবেদনকারী শিক্ষার্থীর তথ্য** | | | |
| আবেদনকারীর নাম | বাংলা | | |
| | ইংরেজি | | |
| লিঙ্গ | বাংলা | | |
| | ইংরেজি | | |
| জন্ম নিবন্ধন নং | | জন্ম তারিখ | |
| পিতার নাম | | পিতার NID | |
| পিতার জন্ম তারিখ | | পিতার মোবাইল নং | |
| মাতার নাম | | মাতার NID | |
| মাতার জন্ম তারিখ | | মাতার মোবাইল নং | |
| অভিভাবকের নাম | | অভিভাবকের NID | |
| অভিভাবকের জন্ম তারিখ | | অভিভাবকের মোবাইল নং | |
| অভিভাবক ও শিক্ষার্থীর সম্পর্ক | | | |
| মোবাইল একাউন্ট নং(বাংলা) | | মোবাইল একাউন্ট নং(ইংরেজি) | |
| **স্থায়ী ঠিকানা** | | | |
| বিভাগ | | জেলা | |
| উপজেলা | | ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পো | |
| ওয়ার্ড | | ডাকঘর | |
| গ্রাম | | | |
| **বর্তমান ঠিকানাঃ (একই হলে “একই” লিখুন):** | | | |
| বিভাগ | | জেলা | |
| উপজেলা | | ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পো | |
| ওয়ার্ড | | ডাকঘর | |
| গ্রাম | | | |
| **পূর্ববর্তি শ্রেণির শিক্ষাগত তথ্য** | | | |
| পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান হতে বদলি হয়েছে** | | | |
| বিভাগ | | পাশের বছর | |
| জেলা | | পরীক্ষার নাম | |
| উপজেলা | | রোল নং/রেজি.নং | |
| ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পো | | বোর্ড/সনদায়ন কর্তৃপক্ষ | |
| টেকনোলজি/কোর্স | | ফলাফল (ইংরেজি) | |
| হাজিরা (শতকরা হার) (ইংরেজি) | | | |
| **বর্তমান শ্রেণির শিক্ষাগত তথ্য:** | | | |
| বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান | | | |
| টেকনোলজি/কোর্স | | পর্ব/শ্রেণি | |
| শিফট এবং গ্রুপ | | ক্লাস রোল | |

| | | | |
|---|---|---|---|
| জেলা | | উপজেলা | |
| ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পো | | | |
| ** বদলিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে যে প্রতিষ্ঠানে বদলি হয়ে এসেছে সেই প্রতিষ্ঠানে শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত থাকবে।<br>**উপবৃত্তির নির্বাচনের শর্ত** | | | |
| পড়াশুনার খরচ বহন করবে কে? | বাবা | মা | অভিভাবক |
| আবেদনকারী কি বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভূক্ত? | হ্যাঁ | না | |
| আবেদনকারী শিক্ষার্থী কি মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান? | হ্যাঁ | না | |
| আবেদনকারী কি অন্য কোন উৎস হতে বৃত্তি/উপবৃত্তি পান? | হ্যাঁ | না | |
| আবেদনকারী কি কোন শারীরিক প্রতিবন্ধকতা আছে? | হ্যাঁ | না | |
| | | | |
| **সংযুক্তিঃ** | (সংশ্লিষ্ট সনদ বা প্রয়োজনীয় সনদ) | | |
| | | | |
| **হিসাব নং সংক্রান্ত তথ্য** | | | |
| ব্যাংক/মোবাইল ব্যাংকিং এর নাম (উদাহরণস্বরূপঃ নগদ, বিকাশ ইত্যাদি) | | | |
| মোবাইল ব্যাংকিং হিসাব নং(ইংরেজি) | | | |

আবেদনকারীর স্বাক্ষর

গ্রহণকারির স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিল

## পরিশিষ্ট 'খ'

### শিক্ষার্থী মনিটরিং ফরম

প্রতিবেদনের সময়কাল:
শিক্ষা প্রতিষ্ঠানের নাম:
জেলা: উপজেলা: ইউনিয়ন:
প্রতিষ্ঠান কোড: EIIN কোডঃ: প্রতিবেদনের সময় প্রতিষ্ঠানে অনুষ্ঠিত মোট কার্যদিবস:
প্রতিষ্ঠানের সার সংক্ষেপ:

| শ্রেণি | ডিপ্লোমা ১ম পর্ব/বর্ষ | ডিপ্লোমা ২য় পর্ব/বর্ষ | ডিপ্লোমা ৩য় পর্ব/বর্ষ | ডিপ্লোমা ৪র্থ পর্ব/বর্ষ | ডিপ্লোমা ৫ম পর্ব | ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব | ডিপ্লোমা ৭ম পর্ব | ডিপ্লোমা ৮ম পর্ব | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষার্থী সংখ্যা | | | | | | | | | |

| ক্রম | শিক্ষার্থীর রোল ও আইডি নং | ব্যাংক হিসাব/মোবাইল ব্যাংকিং নাম্বার | শিক্ষার্থীর নাম | অভিভাবকের নাম | গত পর্ব/বর্ষের/ পেমেন্ট সাইকেলের মোট উপস্থিতির সংখ্যা | গত পর্ব/বর্ষের/ পেমেন্ট সাইকেলের উপস্থিতির শতকরা হার | গত পর্বের/বর্ষের পরীক্ষার প্রাপ্ত গড় নম্বর/ জিপিএ | উপবৃত্তি বন্ধ থাকবে | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | হ্যাঁ/না | কারণ |
| | | | | | | | | | |

**প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর**
**নাম:**
**মোবাইল নাম্বার:**
**প্রতিষ্ঠানের সিল**

**মনিটরিং কর্মকর্তার স্বাক্ষর**
**নাম:**
**মোবাইল নাম্বার:**
**অফিস সিল**